মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

প্রজ্ঞাপন

তারিখঃ- ..../.../১৪৩২ বাংলা, .../.../২০২৫ খ্রি.

এস, আর, ও নং -আইন/২০২৫। মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ (২০০৬ সনের ৩২নং আইন) এর ধারা ৫১ তে প্রদত্ত ক্ষমতাবলে, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, সরকারের পূর্বানুমোদনক্রমে, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২ এর উপ-বিধি (১৬) এর পর নিম্নরূপ নতুন উপ-বিধি সন্নিবেশিত হইবে, যথা—

"(১৭) 'পরিচালনা বোর্ড' অর্থ আইনের ২(১৩) ধারায় উল্লেখিত কর্তৃপক্ষের 'পরিচালনা বোর্ড'।"

(২) বিধি ৪ এর উপ-বিধি (খ) বিলুপ্ত হইবে।

(৩) বিধি ৪ এর উপ-বিধি (ঘ) এ উল্লিখিত "কর্তৃপক্ষকে পূর্বেই অবহিত" শব্দগুচ্ছের পরিবর্তে "কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণ" শব্দগুচ্ছ প্রতিস্থাপিত হইবে।

(৪) বিধি ৬ এর উপ-বিধি (১) এর দফা (ক) নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা—

"(ক) সনদের যেকোন শর্ত ভঙ্গ করিলে;"

(৫) বিধি ৭ এর উপ-বিধি (৬) এ উল্লিখিত "প্রদান করিবে।" শব্দগুচ্ছ ও চিহ্নের পর "তবে প্রয়োজন মনে করিলে কর্তৃপক্ষ বহিঃনিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম নিয়োগ প্রদান করিবে এবং সেক্ষেত্রে সাধারণ পর্ষদ কর্তৃক বহিঃনিরীক্ষক নিয়োগের বিষয়টি প্রযোজ্য হইবে না।" শব্দগুচ্ছ ও চিহ্ন সংযোজিত হইবে।

(৬) বিধি ৮ এর উপ-বিধি (৫) এ উল্লিখিত "প্রতি মেয়াদে এমনভাবে নূতন সদস্য অন্তর্ভুক্ত করিতে হইবে যাহাতে পরিচালনা পর্ষদের সদস্য সংখ্যা অর্ধেকের অপেক্ষা কম না হয়" শব্দগুচ্ছ "কোন মেয়াদে বিদ্যমান মোট সদস্য সংখ্যার এক-তৃতীয়াংশের বেশি পরিবর্তন করা যাইবে না। তবে অনিবার্য কারণে কর্তৃপক্ষের পূর্বানুমোদন নিয়ে এর ব্যতিক্রম করা যাইবে" শব্দগুচ্ছ দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(৭) বিধি ৮ক এর পর নিম্নরূপ একটি নতুন বিধি ৮খ সন্নিবেশিত হইবে, যথা-

"৮খ। প্রতিষ্ঠানের গ্রাহক ও আমানতকারীর জন্য ক্ষতিকর কার্যকলাপ রোধকল্পে বা উহার যথাযথ ব্যবস্থাপনা নিশ্চিত করিবার লক্ষ্যে বা জনস্বার্থে প্রয়োজন মনে করিলে কর্তৃপক্ষ লিখিত আদেশ দ্বারা, কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে কর্তৃপক্ষের স্থায়ী পদে কর্মরত কোন কর্মকর্তাকে পর্যবেক্ষক হিসেবে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করিতে পারিবে এবং পর্যবেক্ষকের কার্যপরিধি কর্তৃপক্ষ কর্তৃক স্থিরকৃত হইবে। তবে যৌক্তিক কারণে কর্তৃপক্ষ উক্ত মেয়াদকাল হ্রাস-বৃদ্ধি করিতে পারিবে।"

(৮) বিধি ৯ এর উপ-বিধি (৪) এর পর নতুন উপ-বিধি (৫), (৬) ও (৭) সন্নিবেশিত হইবে, যথা-

"(৫) প্রত্যেক ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান প্রাথমিকভাবে নির্বাচিত প্রধান নির্বাহী কর্মকর্তার বিষয়ে কর্তৃপক্ষের অনাপত্তি গ্রহণপূর্বক আইনের ধারা ২৭(১) অনুসরণ করিয়া একজন প্রধান নির্বাহী কর্মকর্তা নিয়োগ করিবে;"

"(৬) প্রধান নির্বাহী কর্মকর্তার যোগ্যতা ও অন্যান্য বিষয়াবলী কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে স্থিরকৃত হইবে।"

"(৭) প্রধান নির্বাহী কর্মকর্তার অব্যাহতি বা অপসারণের পূর্বেও কর্তৃপক্ষের অনাপত্তি গ্রহণ করিতে হইবে।"

(৯) বিধি ১৪ এর উপ-বিধি (৪) এরপর নিম্নরূপ একটি নতুন উপ-বিধি (৫) সন্নিবেশিত হইবে, যথা-

"(৫) ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের শাখা কার্যালয় স্থাপন বা বন্ধ করার ন্যূনতম ৩০ (ত্রিশ) দিন পূর্বে বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে।"

(১০) বিধি ১৮ এর উপ-বিধি (১) এর দফা (ক) এ উল্লিখিত "সদস্যগণের অনুদান" শব্দগুচ্ছের পরিবর্তে "সদস্যগণ কর্তৃক প্রদত্ত অনুদান বা ঋণ" শব্দগুচ্ছ সংযোজিত হইবে।

(১১) বিধি ১৮ এর উপবিধি (১) এর দফা (ঘ) এ "সংস্থা" শব্দের পর "এবং তফসিলি ব্যাংক," শব্দগুচ্ছ সংযোজিত হইবে।

(১২) বিধি ১৮ এর উপ-বিধি (১) এর দফা (জ) নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হইবে। যথা-

"(জ) মেয়াদী আমানত গ্রহণের অনুমোদন প্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান কর্তৃক গ্রাহক ব্যতীত অন্য কোন ব্যক্তির নিকট হইতে সুনির্দিষ্ট চুক্তির মাধ্যমে গৃহীত ঋণ;"

(১৩) বিধি ১৮ এর উপ-বিধি (১) এর দফা (জ) এর পর নিম্নোক্ত নতুন দফা (ঝ) সন্নিবেশিত হইবে। যথা-

"(ঝ) সাধারণ পর্ষদের সদস্য ব্যতীত অন্য কোন ব্যক্তির নিকট হইতে গৃহীত ঋণের সীমা কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে স্থির করা হইবে।"

(১৪) বিধি ১৮ এর উপ-বিধি (৩) নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা –

"(৩) ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের সাধারণ পর্ষদের সদস্যগণ হইতে গৃহীত ঋণের সুদের হার কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত হইবে।"

(১৫) বিধি ২০ এর উপ-বিধি (১) নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা-

"(১) প্রত্যেক ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান উহার মোট উদ্বৃত্ত হইতে পরিচালনা বোর্ড কর্তৃক সময়ে সময়ে স্থিরকৃত পরিমাণ অর্থ দ্বারা একটি সংরক্ষিত তহবিল গঠন করিবে।"

(১৬) বিধি ২০ এর উপ-বিধি (৩) নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা-

"(৩) সংশ্লিষ্ট ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ের তত্ত্বাবধানে নির্দিষ্টকৃত তফসিলি ব্যাংকে পৃথক হিসাবে সংরক্ষিত তহবিলের অর্থ জমা রাখা হইবে। তবে সংরক্ষিত তহবিলের অর্থ উক্ত নির্দিষ্টকৃত ব্যাংক হিসাব হইতে যেকোন তফসিলি ব্যাংকে স্থায়ী আমানত হিসাবে অথবা ট্রেজারি বিল বা বন্ড ক্রয়ে বিনিয়োগ করা যাইবে।"

(১৭) বিধি ২১ এর উপ-বিধি (ক) নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা-

"(ক) উদ্বৃত্ত তহবিল হইতে পরিচালনা বোর্ড কর্তৃক সময়ে সময়ে স্থিরকৃত হারে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান সংরক্ষিত তহবিলে অর্থ জমা করিবে।"

(১৮) বিধি ২৩ এর উপ-বিধি (২) এর দফা (ঝ) নিম্নরূপভাবে প্রতিস্তাপিত হইবে, যথা-

"(ঝ) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হইতে গৃহীত ঋণের সুদ ও আমানতের সুদ পরিশোধ; এবং"

(১৯) বিধি ২৪ এর উপ-বিধি (৩) নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা-

"(৩) যে কোন নির্দিষ্ট সময়ের মোট ঋণ পোর্টফোলিওর মধ্যে ক্ষুদ্র উদ্যোগ ঋণের পরিমাণ পরিচালনা বোর্ড কর্তৃক সময়ে সময়ে স্থিরকৃত হইবে।"

(২০) বিধি ২৪ এর উপ-বিধি (৪) এ উল্লেখিত 'দুর্যোগকালীন ঋণ' শব্দগুচ্ছের পর 'শিক্ষা ঋণ এবং ব্যক্তিগত মোবাইল, ট্যাব, ল্যাপটপ ও কম্পিউটার ক্রয়ের জন্য ঋণ' শব্দগুচ্ছ ও চিহ্ন সংযোজিত হইবে।

(২১) বিধি ২৭ এর উপ-বিধি (১) এর দফা (ক) নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা –

"(ক) বাধ্যতামূলক আমানত, যাহা সংশ্লিষ্ট গ্রাহকের সম্মতিতে তার সক্ষমতা অনুযায়ী জমা হইবে;"

(২২) বিধি ২৭ এর উপ-বিধি (১) এর দফা (খ) নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা –

"(খ) স্বেচ্ছা আমানত, যাহা সংশ্লিষ্ট গ্রাহক কর্তৃক স্বেচ্ছায় জমা করা হইবে।"

(২৩) বিধি ২৮ এর উপ-বিধি (ঙ) নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা –

"(ঙ) মোট স্বেচ্ছা আমানত গ্রহণের সীমা পরিচালনা বোর্ড কর্তৃক সময়ে সময়ে স্থিরকৃত হইবে।"

(২৪) বিধি ২৯ এর উপ-বিধি (ঙ) নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা –

"(ঙ) মোট মেয়াদী আমানত গ্রহণের সীমা পরিচালনা বোর্ড কর্তৃক সময়ে সময়ে স্থিরকৃত হইবে।"

(২৫) বিধি ৩১ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত "হইবেন।" শব্দের পর "যাহা বাধ্যতামূলক আমানতের সুদের হার অপেক্ষা কম হইবে না।" শব্দগুচ্ছ ও চিহ্ন সংযোজিত হইবে।

(২৬) বিধি ৩৪ এর উপ-বিধি (১) এ উল্লেখিত "১০%" সংখ্যা ও চিহ্ন এর পরিবর্তে "পরিচালনা বোর্ড কর্তৃক সময়ে সময়ে স্থিরকৃত হারে" শব্দগুচ্ছ প্রতিস্থাপিত হইবে।

(২৭) বিধি ৩৯ এর উপ-বিধি (৪) নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা –

"(৪) প্রত্যেক ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ কর্তৃক উহার বাজেটের অনুমোদন গ্রহণ করিতে হইবে এবং উক্ত অনুমোদিত বাজেটের কপি অর্থ বৎসরের প্রথম মাসের মধ্যে কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিতে হইবে। তবে শর্ত থাকে যে, পরবর্তীতে উক্ত বাজেট সাধারণ পর্ষদ কর্তৃক অনুমোদন করিতে হইবে এবং পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত বাজেটে কোন পরিবর্তন হইলে উক্ত ক্ষেত্রে তা অথরিটিকে অবহিত করিতে হইবে।"

(২৮) বিধি ৪৩ এর উপ-বিধি (৫) নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা –

"(৫) ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান আয়কর আইনে বর্ণিত হার অনুসরণ করিয়া উহার সম্পদের অবচয় ধার্য করিবে।"

(২৯) বিধি ৪৪ এর উপ-বিধি (১) এ উল্লিখিত "বাৎসরিক" শব্দটি "ষাণ্মাসিক" শব্দ দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(৩০) বিধি ৪৪ এর উপ-বিধি (২) এ প্রদত্ত ছকের পরে নিম্নরূপ শব্দগুচ্ছ সংযোজিত হইবে, যথা-

"তবে শর্ত থাকে যে, দুর্যোগ বা বিশেষ কারণে সঞ্চিতির হার কর্তৃপক্ষ পরিবর্তন করিতে পারিবে এবং অবিলম্বে পরিবর্তনের বিষয়টি পরিচালনা বোর্ডকে অবহিত করিবে।"

(৩১) বিধি ৪৭ এর উপ-বিধি (১) নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা –

"(১) ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল কর্তৃক তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম দ্বারা ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের বহি:নিরীক্ষা করাইতে হইবে এবং সংশ্লিষ্ট ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান উহার ব্যয় বহন করিবে।"

কর্তৃপক্ষের আদেশক্রমে,

এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান
মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
আগারগাঁও, ঢাকা।